দৈনিক ইনকিলাব

তারিখ 04 DEC 1998
পৃষ্ঠা ৪২ কলাম ৪

# দেশের প্রথম শিক্ষামন্ত্রী ইউসুফ আলীর ইন্তেকাল

স্টাফ রিপোর্টার ঃ প্রবীণ রাজনীতিবিদ বিশিষ্ট পার্লামেন্টারীয়ান দেশের প্রথম শিক্ষামন্ত্রী অধ্যাপক ইউসুফ আলী গতকাল সকাল সাড়ে ৬টায় রাজধানীর ইবনে সীনা ক্লিনিকে ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার বয়স হয়েছিল ৭৫ বছর।

তিনি কিডনি, হার্টের ও বার্ধক্যজনিত রোগে ভুগছিল। জনাব ইউসুফ আলী দুই পুত্র, ৫ কন্যাসহ অসংখ্য আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও শুভাকাংক্ষী রেখে গেছেন। প্রফেসর ইউসুফ আলীর লাশ জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে জানাযা শেষে দাফনের জন্য নিজ এলাকা দিনাজপুরের ফারাকাবাদে নিয়ে যাওয়া হয়।

প্রবীণ রাজনীতিবিদ প্রফেসর ইউসুফ আলী দেশের স্বাধীনতা সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি ছিলেন মুজিবনগর সরকারের ঘোষণা পাঠক।

পরে তিনি মুজিব, মুশতাক, জিয়া ও এরশাদ সরকারের মন্ত্রী ছিলেন। তিনি ভাষা আন্দোলনে অত্যন্ত সাহসী ভূমিকা পালন করেন। ১৯৬২ সালে তিনি এমপিএ, ১৯৬৫ সালে এমএনএ নির্বাচিত হন। পরে ১৯৭০ সালে এমএনএ এবং '৭৩ সালে এমপি নির্বাচিত হন। তার মৃত্যুতে বিভিন্ন মহল গভীর শোক প্রকাশ করেছে।